# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ সর্বাবস্থায় ঋতুবতী স্ত্রীর মাধ্যমে কাজে সহযোগিতা গ্রহণ করা যায়

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ اسْتِخْدَامَ الْمَرْأَةِ الْحَائِضِ فِي أحواله

আরবী

1354 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ عَنِ الْأَعْمَشِ عَنْ ثَابِتِ بْنِ عُبَيْدٍ عَنِ الْقَاسِمِ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (نَاوِلِينِي الخُمرة مِنَ الْمَسْجِدِ) قُلْتُ: إِنِّي حَائِضٌ قَالَ: (إن حيضتك ليست في يدك)

الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1354 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৫৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “মসজিদ থেকে আমাকে জায়নামাযটি দাও।” আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি বললাম, “আমি তো ঋতুবতী।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই তোমার হায়েয তোমার হাতে লেগে নেই।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১২৫৮; মুসনাদ আহমাদ: ৬/১৭৩; ইবনুল জারুদ: ১০২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩২০; সহীহ মুসলিম: ২৯৮; আবূ দাউদ: ২৬১; নাসাঈ: ১/১৯২; আবূ আওয়ানা: ১/৩১৪; সুনান বাইহাকী: ২/৪০৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৫৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90668

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন